

স্নাতকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেষ্টার)

বাংলা

বাংলা উপন্যাস, পর্ব - ১

কোর্স পি.জি. - ৩.২

সময় দু' ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও
সব প্রশ্নের মান সমান

১. 'রাজসিংহ' (৪ৰ্থসংস্কৰণ) উপন্যাসের শেষে সংযোজিত গ্রন্থকারের নিবেদন অংশটিকে উপন্যাসের অনিবার্য উপসংহার বলে তুমি মনে কর কি? এই নিবেদনটি তুমি কীভাবে পড়তে চাও সংক্ষেপে জানাও। ১০

অথবা

২. মবারক—দরিয়া—জেবউন্নিসা অংশটি বক্ষিম জুড়েছেন পরে। আর পরে আনা এক চরিত্রকেই রবীন্দ্রনাথ নায়িকা বিবেচনা করেছেন। চঞ্চলকুমারীর বদলে জেবউন্নিসা কেন রবীন্দ্র-বিবেচনার নায়িকা হয়ে উঠলেন আলোচনা করো। ১০

৩. উনিশ শতকে নারী-পুরুষের বিপরীত যুগ্মক অবস্থানের প্রেক্ষিতে কঙ্কালতী-খেতুর সম্পর্কটি তুমি কীভাবে পড়বে আলোচনা করো। ১০

অথবা

(Turn Over)

(২)

৪. ব্রেলোক্যনাথ মুখোপাধ্যায়ের ‘কঙ্কাবতী’ আধ্যানের প্রথম পর্বে যে সমাজ ও বাস্তবসংলগ্নতা পাই, দ্বিতীয় পর্বের স্বপ্নবৃত্তান্ত কি তার থেকে সম্পূর্ণ ভিন্নগোত্রে? এ বিষয়ে তোমার পাঠটি বিশ্লেষণসহ তুলে ধরো। ১০

৫. ‘চতুরঙ্গ’ উপন্যাসের ‘দামিনী’ অংশের ‘পরিশিষ্ট—শ্রীবিলাস জানায় “...ফের শচীশের মতের বদল হইয়াছে।..আগেকারমতো আবার সে কাজে লাগিয়া গেছে” আবার ‘শ্রীবিলাস’ অংশের তৃতীয় পরিচ্ছেদের শেষে দেখি “অসীম তুমি আমার, তুমি আমার” বলতে বলতে শচীশ নদীর পাড়ির দিকে চলে যাচ্ছে আবার শ্রীবিলাস দামিনীর বিয়ের পর তাকে কলকাতায় থাকতে অনুরোধ করা হলে সে বলছে, “...আমার কাজ অন্যত্র”। এই সম্পূর্ণ প্রেক্ষিতটি মনে রেখে শচীশের জীবনসাধনার পরিণতিকে তুমি কীভাবে ব্যাখ্যা করতে চাও জানাও। ১০

অথবা

৬. ‘দামিনী’ অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদের শুরুতে শ্রীবিলাস লেখে, “নারীর হন্দয়ের রহস্য জানিবার মতো অভিজ্ঞতা আমার হিল না” আবার ‘শ্রীবিলাস’ অধ্যায়ের প্রথম পরিচ্ছেদেই আবার সে বলে, “দামিনীকে যদি আমি কেবলমাত্র ঘরের গৃহিণী করিয়াই জানিতাম তবে অনেক কথা লিখিতাম না। তাকে আমি সেই সম্বন্ধের চেয়ে বড়ো করিয়া এবং সত্য করিয়া জানিয়াছি বলিয়াই সব কথা খোলসা করিয়া লিখিতে পারিলাম, লোকে যা বলে বলুক”। শ্রীবিলাসের এই দুটি বক্তব্য কি তোমার পরম্পরাবরোধী বলে মনে হয়? যুক্তিসহ আলোচনা করো। ১০

৭. যে সামাজিক আবহে ‘টেঁড়াই চরিত মানস’ উপন্যাসটি আরভ হয় মাত্র তিরিশ বছরের মধ্যেই তার চেহারা অনেকখানি বদলে যায়। এই বদলের চিহ্নগুলি কীভাবে রূপায়িত হয়েছে আলোচনা করে দেখাও। ১০

অথবা

(৩)

৮. ‘টেঁড়াই চরিত মানস’ প্রসঙ্গে সতীনাথ জানিয়েছিলেন, “এ যুগে রামচন্দ্র নিজেকে ছড়িয়ে দিয়েছেন সাধারণ মানুষের মধ্যে। এখানেই হল টেঁড়াই-রামের আবির্ভাব আমার মনে। এ যুগে মহাকাব্য অচল কিনা সে প্রশ্ন আমার কাছে অপ্রাসঙ্গিক মনে হয়েছিল। কেননা আমার কাজ ছিল শুধু পুরনো মহাকাব্যের ফ্রেমে টেঁড়াই-রামকে বাধানো।” উপন্যাসে পাঠক হিসেবে তুমি কি লেখকের এই বক্তব্যের সঙ্গে সহমত? আলোচনা করো। ১০

— X —